

## 💵 উপদেশ

বিভাগ/অধ্যায়ঃ ২. আল্লাহ ভরসা রচয়িতা/সঙ্কলকঃ আন্দুর রায্যাক বিন ইউসুফ

## আল্লাহ ভরসা - ১

তাওয়াকুল বা আল্লাহর উপর নির্ভরশীলতা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এটা মুমিনের অন্যতম গুণও বটে। এ মর্মে আল্লাহ বলেন, إِنَّمَا الْمُؤْمِنُوْنَ الَّذِيْنَ إِذَا ذُكِرَ اللهُ وَجِلَتُ قُلُوْبُهُمْ وَإِذَا تُلِيَتُ عَلَيْهِمْ آيَاتُهُ زَادَتُهُمْ إِيْمَانًا وَعَلَى رَبِّهِمْ وَإِذَا تُلِيَتُ عَلَيْهِمْ آيَاتُهُ زَادَتُهُمْ إِيْمَانًا وَعَلَى رَبِّهِمْ وَإِذَا تُلِيَتُ كُلُوْنَ لِلهُ وَجِلَتُ قُلُونُهُمْ وَإِذَا تُلِيَتُ عَلَيْهِمْ آيَاتُهُ زَادَتُهُمْ إِيْمَانًا وَعَلَى رَبِّهِمْ يَتَوَكَّلُونَ بَهِمْ يَتَوَكَّلُونَ (মুমিনতো তারাই যাদের হৃদয় কম্পিত হয়, যখন আল্লাহকে স্মরণ করা হয় এবং তাঁর আয়াত তাদের নিকট তেলাওয়াত করা হয়, তখন তা তাদের স্কমান বৃদ্ধি করে এবং তারা তাদের প্রতিপালকের উপরেই নির্ভর করে' (আনফাল ২)। তিনি আরো বলেন, اللهُ وَعَلَى رَبِّهِمْ يَتَوَكَّلُونَ (নাহল ৯৯; শূরা ৩৬)।

অন্যত্র আল্লাহ আরো বলেন, الَّذِيْنَ صَبَرُوْا وَعَلَى رَبِّهِمْ يَتَوَكَّلُوْنَ 'যারা ধৈর্য ধারণ করে এবং তাদের প্রতিপালকের উপর নির্ভর করে' (নাহল ৪২; আনকাবৃত ৫৯)। অন্য আয়াতে তিনি আরো বলেন, الْمُؤُمِنُوْنَ 'মুমিনদের জন্য আল্লাহর উপর ভরসা করা উচিৎ' (ইবরাহীম ১১)। মহান আল্লাহ আরো বলেন, الْمُؤُمِنُوْنَ وَعَلَى اللهِ فَالِيَ وَاللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ فَهُوَ حَسْبُهُ 'যখন তুমি কোন কাজের সিদ্ধান্ত কর, তখন আল্লাহর উপর ভরসা কর' (আলে ইমরান ১৫৯)। তিনি আরো বলেন, وَمَنْ يَتَوَكَّلْ عَلَى اللهِ فَهُوَ حَسْبُهُ 'আ্লাহ তার জন্য যথেষ্ট' (তালাক ৩)। আল্লাহ অন্যত্র বলেন, وَمَنْ يَتَوَكَّلْ عَلَى اللهِ عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ أَنِيبُ أَنِيبُ أَنِيبُ أَنِيبُ أَنِيبُ مَا صَاءَ تَوْفِيقِي إِلَّا بِاللهِ عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ أَنِيبُ مَا عَامَ تَوْفِيقِي إِلَّا بِاللهِ عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ أَنِيبُ مَا عَامَ تَوْفِيقِي إِلَّا بِاللهِ عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ أَنِيبُ مَا عَامَ تَوْفِيقِي إِلَّا بِاللهِ عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ أَنِيبُ مَا عَامَ تَوْفِيقِي إِلَّا بِاللهِ عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ أَنِيبُ مَا عَامَ تَوْفِيقِي إِلَّا بِاللهِ عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ أَنِيبُ مَا عَامَ تَوْفِيقِي إِلَّا بِاللهِ عَلَيْهُ وَوَكَلْتُ وَاللهِ هَا عَامَ اللهِ هَا عَلَى اللهِ عَلَيْهِ وَمَا تَوْفِيقِي إِلَّا بِاللهِ عَلَيْهُ وَوَكَلْتُ وَإِلَيْهِ أَنِيبُ أَنِيبُ أَنِيبُ وَاللهُ عَلَيْهُ وَوَكَلْتُ وَاللهُ عَلَيْهُ وَاللّهُ عَلَيْهُ وَمَا تَوْفِيقِي إِلَّا بِاللهُ عَلَيْهُ وَاللهُ عَلَيْهُ وَاللّهُ عَلَيْهُ وَاللّهُ عَلْهُ عَلَيْهُ وَاللّهُ عَلَيْهُ وَاللّهُ وَاللّهُ عَلَيْهُ وَاللّهُ عَلَيْهُ وَاللّهُ عَلَيْهُ وَاللّهُ عَلَيْهُ وَاللّهُ عَلْمُ وَاللّهُ عَلَيْهِ وَاللّهُ عَلَيْهُ وَاللّهُ عَلَيْهُ وَاللّهُ عَلَيْهُ وَاللّهُ اللهُ عَلَيْهُ وَاللّهُ عَلْمُ اللّهُ وَاللّهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ اللّهُ اللهُ عَلَيْهُ وَاللّهُ وَاللّهُ اللّهُ اللّهُ اللهُ عَلْهُ اللّهُ اللّهُ اللهُ اللّهُ اللهُ ال

উপরোক্ত আয়াত সমূহ দ্বারা প্রতীয়মান হয় যে, মুমিনের অন্যতম বৈশিষ্ট্য হচ্ছে আল্লাহর উপর নির্ভর করা। ইবাদত-বন্দেগী, তাসবীহ-তাহলীল, যিকর-আযকার ইত্যাদির পাশাপাশি ধৈর্য ধারণ করে হালাল-হারাম বেছে চলা আবশ্যক। সেই সাথে পাপকাজ থেকে বেঁচে থেকে তারুওয়া ও তাওয়াকুল অবলম্বন করতে হবে। অন্তরে আল্লাহভীতি না থাকলে মানুষ যে কোন পাপে লিপ্ত হতে পারে। অপরপক্ষে তাওয়াকুল মানুষকে অন্যায় পন্থায় অর্থ উপার্জনের প্রচেষ্টা থেকে বিরত রাখে এবং মানুষকে অনেক বিপদাপদ থেকে রক্ষা করে।



সামনে সাগর। এরপরেও মূসা (আঃ) আল্লাহর উপর দৃঢ় ভরসা রেখে বলছেন, কখনো নয়, অসম্ভব হতেই পারে না। ফেরাউন আমাকে ধরতে পারবে না। কারণ নিশ্চয়ই আমার সাথে আমার প্রতিপালক রয়েছেন। তিনি আমাকে বাঁচার পথ দেখাবেন। পবিত্র কুরআনে এসেছে, رَبِّ ابْن لِي عِنْدُكَ بَيْتًا فِي الْجَنَّةِ وَنَجِّنِي مِنْ فِرْعَوْنَ وَعَمَلِهِ وَنَجِّنِي رَن وُعَمْلِهِ وَنَجِّنِي مِنْ الْقَوْمِ الظَّالِمِينَ 'ফেরাউনের স্ত্রী (আছীয়া) বলেন, হে আমার প্রতিপালক! আমার জন্য তোমার জায়াতে একটি ঘর নির্মাণ কর এবং আমাকে ফেরাউন ও তার কর্ম হতে রক্ষা কর। আর অত্যাচারী লোকদের কবল হতে আমাকে বাঁচাও' (তাহরীম ১১)।

আল্লাহর উপর তার ভরসা কেমন ছিল এবং তার ঈমানী দৃঢ়তা কতটা মযবুত ছিল, তা এ ঘটনা থেকে সহজেই অনুমেয়। তিনি পৃথিবীতে থেকেই জান্নাতে তার জন্য একটি ঘর নির্মাণের জন্য আল্লাহর নিকট জোরাল দাবী জানান।

জিবরাঈল (আঃ) যখন মানুষের রূপ ধরে মারিয়ামের কাছে প্রবেশ করলেন, তখন মারিয়াম বললেন, قَالَتُ إِنَّ كُنْتَ تَقِيًّا নিশ্চয়ই আমি রহমানের নিকট তোমার থেকে আশ্রয় চাচ্ছি। যদি তুমি পরহেজগার হও' (মারিয়াম ১৮)। এ আয়াতটি মারিয়ামের আল্লাহর উপর ভরসার প্রমাণ বহন করে। তিনি নিজেকে রহমানের সাহায্যে বাঁচাতে চাইলেন।

ইউসুফ (আঃ)-এর ঘটনা সম্পর্কে আল্লাহ বলেন, وَغَلَقَتِ الْأَبُوابَ وَقَالَتُ هَيْتَ لَكَ قَالَ مَعَاذَ اللهِ إِنَّهُ رَبِّي أَحْسَنَ 'একদা সে ঘরের দরজা বন্ধ করে বলল, এবার তুমি আস। ইউসুফ বললেন, আমি আল্লাহর নিকট এমন কাজ হতে আশ্রয় চাই। নিশ্চয়ই তিনি আমার মালিক, তিনি আমার উত্তম ব্যবস্থা করেছেন। নিশ্চয়ই অপরাধীরা সফল হয় না' (ইউসুফ ২৩)। এ আয়াত ইউসুফ (আঃ)-এর ঈমানী দৃঢ়তা ও আল্লাহর প্রতি তার নির্ভর্বতার প্রমাণ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8228

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন